# বয়লার দুর্ঘটনা থেকে রক্ষা পাওয়ার জন্য যা করা দরকার



সম্প্রতি দেশের বিভিন্ন স্থানে বয়লার বিস্ফোরণে প্রাণহানির ঘটনা ঘটেছে। এর মধ্যে গাজীপুরের কাশিমপুরে অবস্থিত মালটিফ্যাবস লিমিটেড কারখানায় ২০১৭ সালের জুলাই মাসে সংঘটিত বয়লার বিস্ফোরণে ১৩ জনের প্রাণহানি বিশেষভাবে উল্লেখযোগ্য। এ ধরনের অনাকাঙ্ক্ষিত দুর্ঘটনা প্রতিরোধে নিম্নের ব্যবস্থাগুলো অবলম্বন করা যেতে পারেঃ

- ❖ স্টিম কনজাম্পশন ক্যাপাসিটির দেড়গুণ স্টিম প্রডাকশন ক্ষমতাসম্পন্ন বয়লার ক্রয় করা এবং সকল ডেড ওয়েট সিস্টেম বয়লার সেফটি ভাল্ব প্রতিস্থাপন করে স্প্রিং লোডেড/ আধুনিক সেফটি ভাল্ব প্রতিস্থাপন করা প্রয়োজন।
- ❖ BNBC, Part-4, Appendix (11) অনুযায়ী বয়লার রুমে ৪ ঘন্টা অগ্নি প্রতিরোধক দেয়াল নির্মাণ এবং দুই ঘণ্টা অগ্নি প্রতিরোধক দরজা স্থাপন করা প্রয়োজন।
- ❖ বয়লার রুম ম্যানুয়াল অনুযায়ী নির্মাণ করতে হবে এবং ওয়াকওয়ে ও গ্রাউন্ড ফ্লোর থেকে দূরে স্থাপন করতে হবে।
- ❖ বয়লার ওভারহেড-এর উপরে ন্যূনতম ৬ ফুট খালি রেখে আরসিসি ছাদ নির্মাণ করতে হবে।
- ❖ বয়লার পরিচালনার আগে ওয়াটার লেভেল ইনডিকেটর/গেজ গ্লাস চেক করতে হবে। ড্রেইন প্লাগ খুলে বদ্ধ বাতাস বের করে দিতে হবে।
- ❖ প্রতি ৭ দিনে একবার সেফটি ভাল্বের প্রেশার এবং সেফটি ভাল্বের ভাল্ব ব্লো-আপ চেক করতে হবে।
- ❖ প্রতি মাসে একবার করে ব্লো-হাউন-ভাল্ব চেক করতে হবে।
- ❖ Boiler Manufacturers Company Recommended PH Value-এর water ব্যবহার করতে হবে।
- ❖ প্রতি বছর একবার Hydrostatic Hammer Test করতে হবে। সম্ভব হলে Ultrasonic Test করতে হবে।
- ❖ SOP (Standard Operating Procedure) ও রক্ষণাবেক্ষণ বই ব্যবহার নিশ্চিত করতে হবে এবং কারখানা কর্তৃপক্ষের রক্ষণাবেক্ষণ বিভাগ কর্তৃক প্রতিদিন মনিটরিং-এর মাধ্যমে এটি নিশ্চিত করতে হবে।

নিরাপত্তার জন্য সচেতনতা ও সাবধানতার বিকল্প নেই। গুণগত মানসম্পন্ন বয়লার ক্রয়, দক্ষ ও উপযুক্ত লোক নিয়োগের মাধ্যমে এর পরিচালনা ও রক্ষাবেক্ষণ এবং সেইফটি ইন্সট্রাকশন সঠিকভাবে প্রতিপালনের মাধ্যমে এ ধরনের দুর্ঘটনা এড়িয়ে চলা সম্ভব।